



নোবিপ্রবি/জনওপ্রকা/প্রেস রিলিজ/২০২২/১৪১০

২৭ জুলাই ২০২২

## নোবিপ্রবিতে জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) উৎসবমুখর পরিবেশে ‘জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২’ উদযাপন করা হয়েছে। এ উপলক্ষে মৎস্য ও সামুদ্রিক বিজ্ঞান বিভাগের উদ্যোগে আজ বুধবার (২৭ জুলাই-২০২২) নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলমের নেতৃত্বে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়। এতে শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন। পরে উপাচার্য বাংলা সংলগ্ন পুকুরে মাছের পোনা অবমুক্ত করেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

র্যালি পরবর্তী সংক্ষিপ্ত বক্তব্যে মাননীয় উপাচার্য বলেন, ‘জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে আয়োজিত এ অনুষ্ঠানে আগত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করছি। এবারের জাতীয় মৎস্য সপ্তাহের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে-‘নিরাপদ মাছে ভরবো দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ’ যা বর্তমান সময়ের জন্য খুবই প্রাসঙ্গিক। মৎস্য সম্পদকে কীভাবে নিরাপদ করা যায় এ নিয়ে ব্যাপক গবেষণার প্রয়োজন রয়েছে। নোবিপ্রবি ফিমস্ বিভাগ মৎস্য সম্পদ নিয়ে গবেষণায় আরও এগিয়ে যাবে এই প্রত্যাশা করছি, জয় বাংলা-জয় বঙ্গবন্ধু’।

এসময় আরও উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ ফরুক উদ্দিন, ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আবদুল্লাহ-আল মামুন, জেলা মৎস্য কর্মকর্তা ইকবাল হোসেন সহ বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।